মেহেরপুর পৌরসভা

মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৬/০১/২০২০ ইং তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা **মোছাঃ আলপনা খাতুন**।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. UGIIP-III প্রকল্পের আওতায় অনুমোদিত ০৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের অগ্রগতি নিয়ে আলোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/১২/২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
UGIIP-III প্রকল্পের আওতায় অনুমোদিত ০৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের অগ্রগতি নিয়ে আলোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কার্যক্রমের উপর মেহেরপুর পৌরসভায় চলমান প্রকল্প UGIIP-III হতে অনুমোদিত ৬টি বস্তিতে উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। ৬টি বস্তিতে প্রথম কিস্তির টাকার কাজ প্রায় শেষ পর্যায়ে। বস্তি উন্নয়ন কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক প্রথমে ড্রেন এবং রাস্তার কাজ শুরু করা হয়েছে। প্রাথমিক ভাবে ১৫০মি. রাস্তা ও ১৫০মি. ড্রেন নির্মানের লক্ষে কাজ শুরু করে তা ইতি মধ্যে শেষ করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত বলার জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, প্রায় প্রতিটি বস্তিতেই ১ম কিস্তির টাকায় ১৫০ মি. ড্রেন ও ১৫০মি. সিসি রাস্তা নির্মাণ করা হয়েছে। এর মধ্যে ভৈরব পাড়ায় ড্রেন ছাড়া শুধু রাস্তা নির্মাণে এলাকা বাসির অপত্তি থাকায় ১৫০ মি.	পৌর পরিষদ, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এস আই সি।

	ড্রেন ও সংশ্লিষ্ঠ ড্রেনের রাস্তা নির্মাণ হয়েছে। এখানে কিছু টাকা উদ্বৃত্ত আছে। এছাড়া অন্যান্য বস্তিতে ১ম কিস্তির পুরো টাকা খরচ করা হয়েছে। এই কাজে এসআইসির সকল সদস্যগনের সহিত পরামর্শক্রমে কাজ বাস্তবায়িত হয়েছে। বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, প্রকল্পের মিউনিসিপল ইঞ্জিনিয়র নিয়মিত প্রকল্প এলাকা পরিদর্শন করেন এবং মিউনিসিপল ইঞ্জিনিয়র, সাব-এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়র এবং এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়র এর পরামর্শ ক্রমে কাজ বাস্তবায়িত হচ্ছে। মেয়র মহোদয় ইতি মধ্যে সবগুলি কাজ নিজে থেকে শুরু করেছেন এবং বেশ কয়েকবার প্রকল্প এলাকা পরিদর্শন করেছেন। মেয়র মহোদয় সভায় জানান, মেহেরপুর পৌরসভার দির্ঘদিনের প্রতিক্ষার ফল এই বস্তি উন্নয়নের কাজ। কোন অবহেলার কারণে যেন এই কাজের কোন ক্ষতি না হয় সেদিকে সকলের নজর দেওয়ার কথা বলেন। এছাড়া তিনি কমিটির সকল সদস্য এবং সংশ্লিষ্ঠ সকল কাউন্সিলরদের কাজ পরিদর্শন করে এর মূল্যায়নের অনুরোধ করেন।	
বিবিধ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি হোসনে আরা সভাপতির মাধ্যমে জানতে চান, এই ছয়টি বস্তির ১ম কিস্তির কাজের পর ২য় কিস্তির কাজ কবে নাগাদ শুরু হবে? সভাপতির অনুরোধে বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ১ম কিস্তির টাকার কাজের বিল ও ভাউচার এবং কাজের পরিমাপ বই প্রকল্প অফিসে পাঠাতে হবে এবং উহা প্রকল্প অফিসে যাচাইয়ান্ত সঠিক থাকলে ২য় কিস্তির টাকা ছাড় করবে এবং এরপর ২য় কিস্তির কাজ শুরু হবে। আমাদের কাজ শেষে বিল/ভাউচার সমন্বয়ের কাজ শুরু হয়েছে। কোন সমস্যা না হলে অচিরেই ২য় কিস্তির জন্য কাগজ পত্র প্রকল্প অফিসে প্রেরণ করা হবে।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও ৯ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২. ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৬/০১/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	[signature]
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	শিউলী
৩	জনাব হামিদা	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	হামিদা
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৫	জনাব মোঃ হারুন-উর-রশীদ	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	[signature]
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	[signature]
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	মাসুদ শেখ
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	[signature] 26/01/20
৯	মো: আমিনুল ইসলাম	LCDA (UGIIP-3)	[signature]
১০			